



বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদ : ১৪৪ ধারা জারি

টাঙ্গাইলে ছাত্র-পুলিশ সংঘর্ষ শুণী বর্ষণ : ২৬ জন হতাহত

|| সংবাদদাতার টেলিফোন ||
টাঙ্গাইল, ৮ ফেব্রুয়ারী।— আজ (রোববার) টাঙ্গাইলে ছাত্র-পুলিশ সংঘর্ষে ১ জন কলেজ ছাত্র নিহত ও ২৫ ব্যক্তি আহত হয়েছেন। এ ঘটনার

প্রতিবাদে ছাত্র ঐক্য পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক দল আগামীকাল (সোমবার) শহরে পূর্ণ দিবস হরতাল আহ্বান করেছে। অন্যদিকে পরিস্থিতির অবনতি ঘটায় শহরে ১৪৪ ধারা জারি করা হয়েছে।

গত শনিবার বাস শ্রমিকদের হামলার প্রতিবাদে ছাত্ররা টাঙ্গাইল শহরে আজ অর্ধদিবস হরতাল পালনকালে এ সংঘর্ষের সূত্রপাত হয়। আজ সকালে টাঙ্গাইল জেলা পুরাতন আদালত

রোডে ছাত্রদের এক বিরাট মিছিলে পুলিশ বেপরোয়াভাবে লাঠিচার্জ ও কাদানে গ্যাস নিক্ষেপ করে। এসময় শেষ পূঃ ১-এর কঃ দেখুন

টাঙ্গাইলে সংঘর্ষ

প্রথম পৃষ্ঠার পর

ছাত্রদের মধ্য থেকে পুলিশের প্রতি ইট-পাটকল নিক্ষেপ করা হলে পুলিশ ১০ রাউণ্ড গুলী ছুড়ে। ফলে স্থানীয় কাগমারী মোহাম্মদ আলী কলেজের ছাত্র মীর্জা জগনুল (১৮) ঘটনাস্থলেই নিহত হন।

এসময় সংঘর্ষে ছাত্র-জনতা ও পুলিশের মধ্যে প্রায় ২৫ ব্যক্তি আহত হন। বিক্ষুব্ধ ছাত্র-জনতা টাঙ্গাইল পৌরসভার গাড়ীসহ বেশ কয়েকটি সরকারী ও বেসরকারী গাড়ীর ক্ষতিসাধন করে। পুলিশ নিহত ছাত্রের লাশ নিয়ে যায়। পরিস্থিতির অবনতি ঘটলে কর্তৃপক্ষ শহরে ১৪৪ ধারা জারি করেন। অন্যদিকে ছাত্র ঐক্য পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক দল ছাত্র হত্যার প্রতিবাদে আগামীকাল (সোমবার) শহরে পূর্ণদিবস হরতালের ডাক দিয়েছে। পুলিশ এ গোলযোগের অভিযোগে ৯ জনকে গ্রেফতার করেছে।

উল্লেখ্য, বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদে গত শনিবার বাস শ্রমিকদের সাথে ছাত্রদের যে গোলযোগ বাধে এরই পরিপ্রেক্ষিতে আজ এ পরিস্থিতির উদ্ভব হয়। টাঙ্গাইলে এখন থমথমে ভাব বিরাজ করছে।